১৩-১৬ ই অক্টোবর, ২০২২ (২৬ - ২৯ শে আশ্বিন ১৪২৯)

অড়হর-

শুঁটি ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিলে প্রতি লিটার জলে ০.৭৫ গ্রাম অ্যাসিফেট বা ২.০ মিলি কার্বোসালফান স্প্রে করতে হবে।

কলাই-

এই সময়ে পাতায় বাদামি দাগ দেখা যায়, প্রয়োজনে কার্বেন্ডাজিম ১ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে। হলদে কুটে রোগও দেখা যেতে পারে, পাতায় হলদে মোজাইক রোগ দেখা যায় ও পাতা কুঁকড়ে যায়। গাছের বৃদ্ধি ব্যহত ও ফুল-ফল কম হয়।সাদা মাছি নামক বাহক পোকা দমন করতে হবে। সাদা মাছি দমনের জন্য মিথাইল ডিমেটন ২ মিলি প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

খরিফ ভূট্টা -

ভূট্টায় **ফল আর্মি ওয়ার্ম** নামক লেদা পোকার আক্রমন দেখা গেলে নোভালিউরোন + ইমামেকটিন বেনজোয়েট মিশ্রণ ১.৭৫ মিলি বা ইমামেকটিন বেনজোয়েট ৮ গ্রাম অথবা স্পিনেটোরাম ০.৫মিলি প্রতি লিটার জলে অথবা ক্লোরানট্রানিলিপ্রোল ৪.৫ মিলি প্রতি ১০ লিটার জলে মিশিয়ে স্প্রে করতে হবে। **পাতা ধ্বসা** - লম্বাকার বা ডিম্বাকার ফ্যাকাশে বড় দাগ পাতায় দেখা যায় ও শেষে পাতা শুকিয়ে যায়। প্রতি লিটার জলে ২.৫ গ্রাম জিনেব বা ১.৫ মিলি হেক্সাকোনাজোল গুলে স্প্রে করতে হবে।

সরিষা-

টোরি - উন্নত জাত- অগ্রণী (বি-৫৪), পাঞ্চালী। আশ্বিনের দ্বিতীয় সপ্তাহ থেকে কার্তিকের প্রথম সপ্তাহ পর্যন্ত বোনার উপযুক্ত সময়। বীজ বোনার পূর্বে প্রতি কেজি বীজের সঙ্গে ২.৫ গ্রাম ক্যাপটান ৫০ % বা ২-২.৫ গ্রাম থাইরাম ৭৫% মিশিয়ে বীজ শোধন করতে হবে। একর প্রতি ২ টন জৈবসার ও ৬ কেজি অ্যাজোফস্ প্রয়োগ করতে হবে। বিনা সেচে চাষ করলে ২৪ কেজি নাইট্রোজেন, ১২ কেজি ফসফরাস ও ১২ কেজি পটাশ সার শেষ চাষের আগে জমিতে প্রয়োগ করতে হবে। সেচসেবিত এলাকায় জমি তৈরীর সময়ে প্রথমবার ১৪ কেজি নাইট্রোজেন, ১৪ কেজি ফসফরাস ও ৭ কেজি পটাশ সার জমিতে প্রয়োগ করতে হবে। বীজ বোনার ৩০-৩৫ দিন পরে একরে ১৪ কেজি নাইট্রোজেন, ও ৭ কেজি পটাশ চাপান সার জমিতে প্রয়োগ করতে হবে।

শ্বেত সরিষা - উপযুক্তজাতগুলি হল- বিনয় (বি-৯), সুবিনয়, ঝুমকা।ক্যাপটান ৫০% ২.৫ গ্রাম বা থাইরাম ৭৫% ২.৫ গ্রাম প্রতি কেজি বীজের সঙ্গে মিশিয়ে বীজ শোধন করতে হবে।কার্তিকের দ্বিতীয় সপ্তহের মধ্যে বীজ বুনতে হবে। একর প্রতি ২ টন জৈব সার ও ৬ কেজি অ্যাজোফস দিন। সেচযুক্ত এলাকায় শেষ চাষে একরে ২০ কেজি নাইট্রোজেন, ২০ কেজি ফসফরাস ও ১০ কেজি পটাশ সার দিন।

আমন ধান-

পাতামোড়া পোকা, মাজরা পোকার আক্রমণ বেশি মাত্রায় দেখা গেলে পোকা নিয়ন্ত্রণের জন্য ০.৭৫ গ্রাম অ্যাসিফেট বা ১ মিলি ট্রায়াজোফস ব ১.৫ মিলি ক্লোরপাইরিফস + সাইপারমেথ্রিন প্রতি লিটার জলেগুলে স্প্রে করা যেতে পারে। বাদামি বা হলদেটে রং এর ছোটো ছোটো শোষক পোকা দলবদ্ধ ভাবে গাছের গোঁড়ায় বসে রস চুষে খায় এবং গোঁড়ায় বসে রস চুষে খায় এবং গাছের গোড়া পঁচে যায়। লক্ষ্য না রাখলে মারাত্মক ক্ষতি হতে পারে। এক্ষেত্রে, গুছি প্রতি বাদামি শোষকের সংখ্যার সঙ্গে সঙ্গে, ক্ষেতে বন্ধু পোকা যেমন, মাকড়সা, বোলতা, মিরিড বাগ ইত্যাদির সংখ্যাও দেখে নিয়ে ওষুধ প্রয়োগের ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে। ওষুধ প্রয়োগের প্রয়োজন হলে ফেনভেলারেট ৩% ১ মিলি বা থায়োমিথোক্সাম ২৫% ডব্লুজি. ০.৩৪ গ্রাম বা ফেনবুকার্ব ৫০% ইসি ১.৫০ মিলি বা বুপ্রোফেজিন ২৫% এসসি ১.৫ মিলি প্রতি লিটার জলেগুলে স্প্রে কর যেতে পারে।শিষকাটা লেদা পোকার আক্রমন হলে ফেনভেলারেট ০.৫ মিলি প্রতি লিটার জলে গুলে বিকালে স্প্রে করতে হবে।

আখ

ডগা-ছিদ্রকারী পোকা, মাজরা পোকা, গোড়া-ছিদ্রকারী পোকা ইত্যাদির আক্রমনে প্রথমে অ্যাজাডাইরেক্টিন (১০,০০০ পিপিএম) ২ মিলি প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন পরে প্রয়োজনে ১ মিলি ফিপ্রনিল বা ট্রায়াজোফস অথবা ০.৭৫ গ্রাম অ্যাসিফেট প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন। শোষক পোকা, আঁশপোকা, সাদামাছি ইত্যাদির আক্রমনে প্রথমে একই ভাবে অ্যাজাডাইরেক্টিন(১০,০০০ পিপিএম) স্প্রে করুন ও পরে প্রয়োজনে ২ মিলি ডাইমেথয়েট বা ১ গ্রাম কারটাপ হাইড্রোক্লোরাইড প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন। আখ-এ লাল ডোরা ধ্বসা রোগে গাছটি তুলে পুড়িয়ে ফেলুন। ছিপটি ভুষা রোগে গাছটিতে ভিজে কাপড় জড়িয়ে সাবধানে জমি থেকে তুলে নিন ও পুড়িয়ে ফেলুন।

বিস্তারিত জানতে আপনার ব্লকের স্থানীয় কৃষি প্রযুক্তি সহায়ক বা সহ-কৃষি অধিকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।

কৃষিঅধিকর্তা,পশ্চিমবঙ্গসরকার-এর

পক্ষে

যুগ্ম কৃষি অধিকর্তা (জনসংযোগ, তথ্য ও সম্প্রচার), পশ্চিমবঙ্গ